অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/24/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 1 বিলিয়ন মার্কিন ডলারের SUSTAINABLE FUTURE প্রোগ্রাম ঘোষণা করলেন যা জলবায়ু পদক্ষেপ এবং চাকরিকে সমর্থন করবে

বড় বিনিয়োগ ক্লিন এনার্জিকে অগ্রসর করবে, এমিশন কম করবে, এবং পুরো স্টেটে সবুজ ইনফ্রাস্ট্রাকচার বাড়াবে

গভর্নর Hochul (হোকল) আজকে, ইউনাইটেড স্টেটসের (United States, U.S.) ক্লাইমেট অ্যালায়েন্সের (Climate Alliance) গোলটেবিলে অংশগ্রহণ করার সময় তার ল্যান্ডমার্ক 1 বিলিয়ন মার্কিন ডলারের Sustainable Future প্রোগ্রামের পরের ধাপগুলি ঘোষণা করেছেন যা একটি আরো পরিচ্ছন্ন, আরো সবুজ ভবিষ্যতে নিউ ইয়র্কের (New York) ট্রানজিশনের ক্যাপিটাল প্রজেক্টগুলিকে আরো দ্রুত করবে। ঐতিহাসিক বিনিয়োগটি ভালো বেতনের চাকরি তৈরি করবে, নিউ ইয়র্কবাসীদের জন্য এনার্জির খরচ কমাবে, এবং ফেডারেল তহবিল কমিয়ে দেওয়ার সময় ক্ষতিকর এমিশন কমিয়ে দিবে।

"নিউ ইয়র্ক জলবায়ু পদক্ষেপের দিক দিয়ে জাতীয়ভাবে শীর্ষে আছে , এবং আমরা প্রমাণ করছি যে আমরা একটি সমৃদ্ধ সবুজ অর্থনীতি গঠন করতে পারি এবং একই সাথে আমাদের পৃথিবীকে সুরক্ষিত রাখতে পারি," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "অন্যরা যখন পিছিয়ে যাচ্ছে, আমরা তখন জোরের সাথে এগিয়ে যাচ্ছি। আমাদের Sustainable Future প্রোগ্রাম থেকে করা 1 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ আমাদের বাসাকে আরো এনার্জি এফিশিয়েন্ট করে, আমাদের স্কুলকে আরো স্বাস্থ্যকর করে, এবং আমাদের কমিউনিটিকে আরো স্থিতিশীল করে সরাসরি নিউ ইয়র্কবাসীদের লাভবান করবে। আমরা চাকরি তৈরি করছি, জনস্বাস্থ্য উন্নত করছি, এবং প্রত্যেক কমিউনিটির জন্য ন্যায্য এবং সাশ্রয়ী ট্রানজিশন নিশ্চিত করছি।"

এই বছরের স্টেট অফ দ্য স্টেটে ঘোষণা করা 1 বিলিয়ন মার্কিন ডলারের Sustainable Future প্রোগ্রামটি হলো নিউ ইয়র্কের ইতিহাসে জলবায়ুর জন্য সবথেকে বড় বিনিয়োগ। আজকের ঘোষণাটি স্টেটের জলবায়ু পরিকল্পনার মুখ্য ক্ষেত্রগুলিতে তহবিল বরাদ্দ দেয় যাতে ট্রানজিশনকে সকল নিউ ইয়র্কবাসীর জন্য আরো সাশ্রয়ী করতে সাহায্য করা যায়।

এনার্জি এফিসিয়েন্সি দিয়ে নিউ ইয়র্কবাসীদের ক্ষমতায়ন
50 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ দেওয়া হবে EmPower+ প্রোগ্রামকে যাতে তারা কম থেকে মাঝারি আয়ের বাসিন্দাদেরকে বিনা খরচে বাড়ির এনার্জি যাচাই করে দিতে এবং এনার্জি এফিশিয়েন্ট আপগ্রেড করে দিতে পারে। নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট

অথোরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDA) হিট পাম্প ইন্সটল করার দিকে এই তহবিল দিবে, এটি আবাসিক হিটিং এবং কুলিংয়ের জন্য জীবাশ্ম জ্বালানির উপর নির্ভরশীলতা কমানোর জন্য একটি মুখ্য টেকনোলজি।

আমাদের স্কুল সবুজ করা

পুরো স্টেটের কম রিসোর্স থাকা সরকারি স্কুলকে তাদের ভবনের পোর্টফোলিও ডিকার্বোনাইজ করতে সাহায্য করার জন্য 50 মিলিয়ন মার্কিন ডলার ব্যবহার করা হবে। এই বিনিয়োগটি স্টুডেন্ট এবং স্টাফের জন্য ঘরের ভেতরের বাতাসের মান উন্নত করবে এবং স্কুলের কার্বন ফুটপ্রিন্ট কম করবে।

থার্মাল এনার্জি নেটওয়ার্কে বিনিয়োগ করা

200 মিলিয়ন নির্দিষ্ট করে দেওয়া হয়েছে থার্মাল এনার্জি নেটওয়ার্ক বড় করার জন্য, যা একাধিক ভবনের মধ্যে হিটিং এবং কুলিং রিসোর্স শেয়ার করার জন্য পাইপের একটি ব্যবস্থা ব্যবহার করে। এই তহবিলটি মিউনিসিপ্যাল এবং স্টেটের মালিকানার ভবনে প্রজেক্টগুলিকে সমর্থন করবে, এবং বিশেষভাবে State University of New York (SUNY) সিস্টেমের একাধিক প্রজেক্ট এর মধ্যে থাকবে।

- SUNY Purchase: থার্মাল এনার্জি নেটওয়ার্কের প্রথম পর্যায়ের নকশা এবং নির্মাণ করার জন্য এবং ক্যাম্পাসে ভবিষ্যতের জিওথার্মাল সিস্টেমের একটি ফ্রেমওয়ার্ক প্রতিষ্ঠা করার জন্য 50 মিলিয়ন মার্কিন ডলার।
- State University of New York at Buffalo: এনার্জি হাব এবং থার্মাল এনার্জি নেটওয়ার্ক নকশা ও গঠন করা, জীবাশ্ম জ্বালানি দিয়ে তৈরি সিস্টেম আস্তে আস্তে বন্ধ করা এবং সেগুলিকে অনসাইটের ইলেক্ট্রিক্যাল সিস্টেম দিয়ে বদলে দেওয়ার জন্য 68 মিলিয়ন মার্কিন ডলার।
- State University of New York at Stony Brook: ক্যাম্পাসের দুইটি ভবনে থার্মাল এনার্জি নেটওয়ার্ক নকশা ও নির্মাণ করার জন্য 22 মিলিয়ন মার্কিন ডলার।

বাড়ির মালিক এবং ছোট ভবনের জন্য ক্লিন এনার্জিতে ট্রানজিশনকে আরো সাশ্রয়ী করা

150 মিলিয়ন মার্কিন ডলার নতুন Green Small Buildings প্রোগ্রামের শুরুকে সমর্থন করবে, যোগ্য বাসাগুলিকে হিট পাম্পসহ এনার্জি এফিশিয়েন্ট আপগ্রেড করার জন্য যা নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) পরিচালনা করবে।

পরিচ্ছন্ন পরিবহন ইনফ্রাস্ট্রাকচার বড় করা

ইলেকট্রিক যানবাহনে (electric vehicles, EV) ট্রানজিশন আরো দ্রুত করার জন্য গভর্নর Hochul (হোকল) একাধিক উল্লেখযোগ্য বিনিয়োগ ঘোষণা করেছেন।

- জিরো এমিশন স্কুল বাসের জন্য এবং তাদের সমর্থন করার ইনফ্রাস্ট্রাকচারের জন্য 100 মিলিয়ন মার্কিন ডলার।
- মিডিয়াম এবং হেভি ডিউটি যানবাহনের চার্জিং সমর্থনের জন্য কমপক্ষে 50 মিলিয়ন মার্কিন ডলার, যার মধ্যে ফ্লিটের জন্য ডিপোতে চার্জিংয়ের জন্য 15 মিলিয়ন মার্কিন ডলার এবং ডিস্ট্রিবিউশন কেন্দ্র এবং পোর্টে শেয়ার্ড "চার্জিং হাবের" জন্য 35 মিলিয়ন মার্কিন ডলার।
- কর্মক্ষেত্রে, একাধিক পরিবারের ভবনে, এবং বড় সরকারি খাতের অর্গানাইজেশনে EV চার্জিং স্টেশনের জন্য রিবেট দিতে কমপক্ষে 50 মিলিয়ন মার্কিন ডলার, যা চার্জিংকে আরো সাশ্রয়ী এবং অ্যাক্সেসিবল করে।

রিনিউয়েবল এনার্জি প্রজেক্ট আরো দ্রুত করা
একাধিক রিনিউয়েবল এনার্জি তৈরির প্রজেক্টকে তহবিল দেওয়ার জন্য নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটিকে 200 মিলিয়ন মার্কিন ডলার দেওয়া হবে। এই তহবিল রেটপেয়ারদের খরচ কমাতে সাহায্য করবে এবং নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি (New York Power Authority, NYPA) নিউ ইয়র্ক স্টেটের বিদ্যুতের জন্য নতুন রিনিউয়েবল গঠন করে যাচ্ছে।

Sustainable Future সম্পর্কে তহবিলের অন্য সকল বিস্তারিত পরে ঘোষণা করা হবে, সকল নিউ ইয়র্কবাসীদের জন্য লাভজনক হবে এমন কৌশলী, বেশি প্রভাবের বিনিয়োগ করার ব্যাপারে নিউ ইয়র্ক প্রতিশ্রুতিবদ্ধ।

নিউ ইয়র্ক স্টেটের এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথোরিটির প্রেসিডেন্ট ও CEO Doreen M. Harris (ডোরিন এম হ্যারিস) বলেন, "গভর্নর Hochul (হোকল) সকল নিউ ইয়র্কবসিডির জীবনযাপনের মান উন্নত করতে Sustainable Future প্রোগ্রামের মতো জেনারেশনে একবার হয় এমন বিনিয়োগ সমর্থন করার ব্যাপারে তার প্রতিশ্রুতি স্পষ্ট করেছেন। রিনিউয়েবল এনার্জির প্রজেক্ট, জিরো এমিশন পরিবহনের বিকল্প এবং এনার্জি এফিশিয়েন্ট ভবনের উন্নয়ন অগ্রসর করার মাধ্যমে আমরা যে বাতাসে নিঃশ্বাস নেই তা পরিষ্কার করা এবং একই সাথে এনার্জির খরচ কমানো হলে তা পুরো স্টেটের কমিউনিটিগুলোকে একটি সাস্টেনেবল ভবিষ্যতের জন্য অতি গুরুত্বপূর্ণ ভিত্তি দিবে।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের (Department of Environmental Conservation) কমিশনার Amanda Lefton (অ্যামান্ডা লেফটন) বলেন, "অর্থপূর্ণভাবে জলবায়ু পরিবর্তনের মোকাবেলা করা এবং নিউ ইয়র্কের ভবিষ্যতকে সত্যিই সাস্টেনেবল করার জন্য গভর্নর Hochul (হোকল) দেশের সেরা বিনিয়োগ করছেন। এই ল্যান্ডমার্ক 1 বিলিয়ন মার্কিন ডলারের Sustainable Future প্রোগ্রামটি একটি সাশ্রয়ী এবং অ্যাক্সেসিবল সবুজ ভবিষ্যতে নিউ ইয়র্কের ট্রানজিশনকে সমর্থন করছে যা বাড়ির মালিকদের স্বস্তি দিবে, ক্লিন এনার্জির চাকরি তৈরি করবে, এবং পুরো স্টেটে দূষণ কমাবে।"

নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটির (New York Power Authority) প্রেসিডেন্ট এবং CEO Justin E. Driscoll (জাস্টিন ই ড্রিস্কল) বলেন, "পাওয়ার অথোরিটি কয়েক দশকের মধ্যে সবথেকে বড় ইউটিলিটি স্কেলের, ক্লিন এনার্জি তৈরির পোর্টফোলিওকে অগ্রসর করছে, এবং Sustainable Future প্রোগ্রামটি আমাদেরকে সম্ভাব্য প্রজেক্ট বাস্তব করতে সাহায্য করবে।

আমরা যখন একা বা পার্টনারশিপের মাধ্যমে প্রজেক্ট গঠন করি তখন আমাদেরকে অবশ্যই ক্যাপিটাল খরচ, দীর্ঘমেয়াদি রক্ষণাবেক্ষণ, জ্বালানির খরচ এবং তহবিলের কথা চিন্তা করতে হবে। সাস্টেনেবিলিটি তহবিল থেকে রিনিউয়েবল প্রজেক্টের জন্য গভর্নরের বিনিয়োগ আমাদেরকে অগ্রাধিকার পাওয়া প্রজেক্টগুলিকে নির্মাণের জন্য আরো দ্রুত প্রস্তুত করতে দিবে।"

নিউ ইয়র্ক স্টেটের হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের কমিশনার RuthAnne Visnauskas (রুথঅ্যান ভিস্নাউস্কাস) বলেন, "Sustainable Future প্রোগ্রামের মাধ্যমে করা অতি গুরুত্বপূর্ণ বিনিয়োগগুলি দুইটি দিক দিয়ে সেরা ফলাফল দিবে, এটি দীর্ঘমেয়াদি সাস্টেনেবিলিটির জন্য গুরুত্বপূর্ণ পথ তৈরি করবে এবং নিউ ইয়র্ককে এখনকার বাসিন্দা ও ব্যবসার জন্য আরো সাশ্রয়ী করবে। HCR-এ আমরা আনন্দিত যে Green Small Buildings প্রোগ্রাম তৈরি করতে 150 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ দেওয়া হয়েছে যা যোগ্য বাড়ির মালিকদের এবং ভাড়াটিয়াদেরকে নতুন হিটিং সিস্টেমের সুবিধা দিবে যা এফিসিয়েন্সি উন্নত করবে এবং এনার্জির খরচ কমাবে। পুরো নিউ ইয়র্ক স্টেটের জন্য আরো সবুজ ভবিষ্যৎ নিশ্চিত করবে এমন প্রোগ্রামের পক্ষে কাজ করার মাধ্যমে জলবায়ু পরিবর্তনের মোকাবেলা করতে গভর্নর Hochul-এর (হোকল) ধারাবাহিক চেষ্টার জন্য আমরা তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

SUNY-এর চ্যান্সেলর John B. King Jr. (জন বি কিং জুনিয়র) বলেন, "স্টেটের জলবায়ু লক্ষ্য অর্জনের জন্য গভর্নর Hochul-কে (হোকল) সাহায্য করতে SUNY প্রতিশ্রুতিবদ্ধ, এবং তার বিনিয়োগের কারণে আমরা State University of New York at Buffalo, SUNY Purchase, এবং State University of New York at Stony Brook-এর জন্য আরো এফিশিয়েন্ট এবং সাস্টেনেবল এনার্জির উৎস ব্যবহার করতে পারবো। এই তহবিলটি SUNY-কে তাদের নেট জিরো গ্রিনহাউজ গ্যাস এমিশনে পৌঁছানোর লক্ষ্য পূরণ করতে সাহায্য করবে এবং নিশ্চিত করবে যাতে স্টুডেন্টদের কাছে আরো উজ্জ্বল, আরো সাস্টেনেবল ভবিষ্যৎ থাকে।"

নিউ ইয়র্ক স্টেট AFL-CIO-এর প্রেসিডেন্ট Mario Cilento (মারিও সিলেন্টো) বলেন, "স্টেটের ক্লিন এনার্জি লক্ষ্য অর্জনের গতি বাড়াতে গভর্নর Hochul-এর (হোকল) প্রতিশ্রুতিকে আমরা সমর্থন করি, এই পদক্ষেপটি শুধু ভালো বেতনের চাকরি তৈরি এবং এনার্জির খরচ কম করবে না, বরং এছাড়াও এটি উল্লেখযোগ্যভাবে পরিশ্রমী নিউ ইয়র্কবাসীদের লাভবান করবে। আরো সবুজ একটি অর্থনীতিতে যাওয়ার সময় আমাদেরকে অবশ্যই আমাদের কর্মশক্তিতে বিনিয়োগ করতে হবে, যা নিশ্চিত করবে যে নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তির ভবিষ্যৎ এমন কর্মীরা গঠন, পরিচালনা, রক্ষণাবেক্ষণ, মেরামত, এবং প্রস্তুত করবেন যারা ভালো বেতন পাবেন এবং ইউনিয়ন চুক্তি দিয়ে নিশ্চিত হওয়া বেনিফিট ও সুরক্ষা উপভোগ করবেন।"

নিউ ইয়র্ক স্টেটের বিল্ডিং ট্রেডসের (New York State Building Trades) প্রেসিডেন্ট Gary LaBarbera (গ্যারি লাবারবারা) বলেন, "নিউ ইয়র্ককে যদি সফলভাবে একটি শক্তিশালী সবুজ অর্থনীতি প্রতিষ্ঠা করতে হয় যা আমাদেরকে আমাদের জলবায়ু ও এনার্জি লক্ষ্য অর্জন করতে দিবে, তাহলে আমাদেরকে অবশ্যই নিশ্চিত করতে হবে যাতে আমরা ভালো বেতনের ইউনিয়ন ক্যারিয়ার তৈরি করি যা আরো বেশি পরিশ্রমী মানুষকে মধ্যবিত্ত শ্রেণীতে যেতে এবং নিজেদের কমিউনিটিতে আবার বিনিয়োগ করার সুযোগ দিবে। Sustainable Future ফান্ডের মতো বিনিয়োগ, যেখানে শিক্ষানবিশ প্রোগ্রাম, প্রজেক্ট লেবার চুক্তি, এবং স্টেটের ক্লিন এনার্জি ট্রানজিশনের কেন্দ্রে থাকা প্রজেক্টের জন্য প্রচলিত বেতনের আবশ্যিকতা আছে, তা এইসব

চেষ্টার জন্য অতি গুরুত্বপূর্ণ। আমাদের সাস্টেনেবল ভবিষ্যতকে জোরদার করে এবং আমাদের ট্রেডসম্যান এবং ট্রেডসউইম্যানসহ অগণিত নিউ ইয়র্কবাসীর জীবন উন্নত করার এইসব উদ্যোগকে অগ্রসর করতে থাকার জন্য আমরা গভর্নর Hochul-এর (হোকল) প্রশংসা করছি।"

Building Decarbonization Coalition-এর নিউ ইয়র্ক ডিরেক্টর Lisa Dix (লিসা ডিক্স) বলেন, "গভর্নর Hochul (হোকল) করে দেখাচ্ছেন যে কীভাবে স্টেটগুলি নেতৃত্ব দিতে পারে। নিউ ইয়র্কের 1 বিলিয়ন মার্কিন ডলারের Sustainable Future প্রোগ্রামটি হলো আরো স্বাস্থ্যকর এবং আরো সমতার ভবিষ্যৎ, পরিবারের জন্য এনার্জির খরচ কমানো এবং হাজার হাজার ভালো চাকরি তৈরির জন্য একটি অতি গুরুত্বপূর্ণ ধাপ। Building Decarbonization Coalition থার্মাল এনার্জি নেটওয়ার্ক, ওয়াদারাইজেশন, হিট পাম্প, এবং EmPower+ প্রোগ্রাম, যা এমিশন কমাবে এবং ক্লিন এনার্জির অ্যাক্সেস বাড়াবে, এর জন্য তহবিলকে দৃঢ়ভাবে সমর্থন করছে। এইসব অতি গুরুত্বপূর্ণ প্রোগ্রামকে অগ্রসর করার জন্য গভর্নর Hochul-এর (হোকল) সাথে কাজ করে যেতে আমরা আগ্রহী।"

Climate Jobs NY-এর এক্সিকিউটিভ ডিরেক্টর Esther Rosario (এস্টার রোজারিও) বলেন, "গভর্নর Hochul-এর (হোকল) Sustainable Future প্রোগ্রামটি হলো নিউ ইয়র্কের ক্লিন এনার্জির ভবিষ্যতে একটি রূপান্তরমূলক বিনিয়োগ। এই রিসোর্সগুলি এমিশন কম করবে, ভালো ইউনিয়ন চাকরি তৈরি করবে, এবং সকল পরিবারের জন্য এনার্জির খরচ কমাবে। থার্মাল এনার্জি নেটওয়ার্ক থেকে শুরু করে NYPA-এর রিনিউয়েবল এনার্জির তহবিল বড় করা পর্যন্ত এবং EmPower+ এর জন্য সমর্থন পর্যন্ত, এই বিনিয়োগগুলি আমাদেরকে আরো স্বাস্থ্যকর, আরো সাশ্রয়ী, এবং আরো স্থিতিশীল নিউ ইয়র্কের আরো কাছে নিয়ে যায়। ক্লিন এনার্জির জন্য বিনিয়োগ যখন হুমকির মুখে আছে তখন গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বের জন্য, এবং আমাদের স্টেটের ভবিষ্যতের জন্য একটি সাহসী ভিশন অগ্রসর করার জন্য আমরা তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

New York League of Conservation Voters-এর প্রেসিডেন্ট Julie Tighe (জুলি টিঘে) বলেন, "ফেডারেল সরকার যখন তাদের প্রতিশ্রুতি থেকে পিছিয়ে যাচ্ছে, নিউ ইয়র্ক তখন পরিষ্কার বাতাস, ভালো বেতনের চাকরি, এবং আরো স্বাস্থ্যকর কমিউনিটিতে বিনিয়োগ করার মাধ্যমে এগিয়ে যাচ্ছে। আমাদের বাসায় হিট পাম্প থেকে শুরু করে শিশুদের জন্য পরিচ্ছন্ন যাতায়াতের ব্যবস্থা পর্যন্ত, রিনিউয়েবলের ব্যবহার বাড়ানো থেকে অত্যাধুনিক থার্মাল এনার্জি নেটওয়ার্কের তহবিল পর্যন্ত, Sustainable Future ফান্ডটি নিউ ইয়র্কবাসীর জন্য সত্যিকারের, সাহসী পদক্ষেপ নিচ্ছে। স্টেটের দৃঢ় নেতৃত্ব কেমন হতে পারে তা দেশকে দেখানোর জন্য আমরা গভর্নর Hochul-এর (হোকল) প্রশংসা করছি।"

Evergreen Action-এর স্টেটসের ভাইস প্রেসিডেন্ট Justin Balik (জাস্টিন বালিক) বলেন, "ফেডারেল ছাঁটাইয়ের মুখোমুখি হয়ে এটি স্পষ্ট যে আমরা আমাদের সবথেকে কঠিন সমস্যাগুলির সমাধানের জন্য স্টেটের নেতৃত্বের দিকে তাকিয়ে থাকবো। এই বিনিয়োগগুলি খরচ কমাবে এবং দূষণ কম করবে, পুরো স্টেটের নিউ ইয়র্কবাসীদের জন্য বাস্তব এবং অর্থপূর্ণ সুবিধা দিবে। গভর্নর Hochul-এর (হোকল) এই পদক্ষেপটি সামনের দিনগুলির জন্য এক টি শক্ত ভিত্তি স্থাপন করবে।"

Trucking Association of New York-এর প্রেসিডেন্ট Kendra Hems (কেন্ড্রা হেমস) বলেন, "ট্রাকিং ইন্ডাস্ট্রি সাস্টেনেবিলিটির ব্যাপারে সম্পূর্ণ প্রতিশ্রুতিবদ্ধ। কম সালফারের ডিজেল ব্যবহার শুরু করা থেকে এনভায়রনমেন্টাল প্রোটেকশন এজেন্সির (Environmental Protection Agency, EPA) এমিশন স্ট্যান্ডার্ড মেনে চলা ও অতিক্রম করা, CNG এবং রিনিউয়েবল ডিজেলের মতো আরো পরিচ্ছন্ন জ্বালানিতে বিনিয়োগ করা পর্যন্ত, আমাদের ইন্ডাস্ট্রি ধারাবাহিকভাবে এমিশন কমানো এবং বাতাসের মান উন্নত করার পক্ষে কাজ করেছে। যে সকল ব্যবহারের ক্ষেত্রে ইলেকট্রিক ট্রাক সবথেকে বেশি অর্থপূর্ণ হবে সেখানে তা ব্যবহার করা একটি গুরুত্বপূর্ণ অগ্রগামী ধাপ। কিন্তু ইলেক্ট্রিফিকেশনকে সফল করার জন্য আমাদের সরকারের পার্টনারদেরকে এমন ইনফ্রাস্ট্রাকচারে বিনিয়োগ করতে হবে যা এটিকে সমর্থন করবে। সেজন্য আমরা নিউ ইয়র্ক স্টেটে মিডিয়াম এবং হেভি ডিউটি ট্রাক চার্জিংয়ের জন্য নির্দিষ্ট করে তহবিল বরাদ্দ দেওয়ার আজকের ঘোষণার প্রশংসা করছি। এই বিনিয়োগটি হলো আরো পরিচ্ছন্ন, আরো এফিশিয়েন্ট মালামাল পরিবহনের ব্যবস্থা গঠন করার জন্য একটি অতি গুরুত্বপূর্ণ মাইলফলক এবং একই সাথে তা আমাদের অর্থনীতি যেই নির্ভরশীলতার উপর নির্ভর করে তা নিশ্চিত করবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন